



রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ফাউন্ডেশনের একটি কমিউনিটি রেডিও যা বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবনমান উন্নয়নের জন্য কাজ করে।

## আবদুল্লাহর বেড়ে ওঠায় রেডিও মেঘনা

একজন শিশুকে সঠিকভাবে খাবার খাওয়ানো ও লালন-পালন সময়ের ব্যাপার। অথচ গ্রামের একজন সাধারণ পরিবারে মাকে একা হাতেই করতে হয় সব কাজ। রেডিও মেঘনাতে দেয়া তথ্য শুনে শত ব্যস্ততার মাঝেও ৮মাস বয়সী সন্তান আবদুল্লাহর জন্য সময় খুঁজে নেন চর মানিকা এলাকার আকলিমা বেগম (২৩)। তিনি বলেন, ‘আমি রেডিও শুনি আজ তিন বছর ধরে। রেডিও মেঘনার অনুষ্ঠানে বিভিন্ন তথ্য শুনে উপকৃত হই। ২১ বছর বয়সে আমার বিয়ে হয়। একবছরের মাথায় আমার কোল জুড়ে আসে আবদুল্লাহ। মায়ের বুকের দুধের পাশাপাশি সন্তানের বাড়তি যত্ন নেওয়া ও খাবার খাওয়ানোর সম্পর্কে আমার তেমন কোন ধারণা বা সময় ছিল না। হঠাৎ একদিন রেডিও মেঘনায় জানতে পারি শিশুকে প্রতিদিন একই ধরনের খাবার খেতে না দিয়ে



প্রতিদিন আলাদা আলাদা খাবার দিতে হবে। এতে করে শিশু খাবারের প্রতি মনোযোগী হবে।’

এরপর থেকেই আকলিমা বেগম তার সন্তানের বয়স যখন ৭মাস তখন বুকের দুধের পাশাপাশি তিন বেলা বাচ্চাকে বাড়তি খাবার চাল, ডাল, সবজি, মাছ, মাংস ও তেল দিয়ে খিচুড়ি, ডিমের কুসুম, দেশি ফলসহ নতুন নতুন খাবার খাওয়ানো শুরু করেন।

ছয় মাস থেকে দুই বছর বয়স পর্যন্ত সময়টা শিশুদের জন্য খুবই সংবেদনশীল। এই বয়সে মায়ের দুধের পাশাপাশি শিশুকে অন্যান্য সম্পূরক খাবার দেওয়া হয়। কিন্তু সম্পূরক খাবারে স্বাদের ভিন্নতা না থাকায় একই রকম খাবার খেতে শিশুর অরুচি আসে। স্বাদে ভিন্নতা আনতে অবশ্যই হালকা কিছু যোগ করা যেতে পারে।

## শ্রোতা মতামত



হনুফা বেগমের সাক্ষাৎকার গ্রহণ করছেন তাসপিয়া, স্থান: আবদুল্লাহপুর, তারিখ: ১৫ সেপ্টেম্বর ২৩

বাল্যবিবাহ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান শুনে হনুফা বেগম জানতে পারেন অল্প বয়সে মেয়েদের বিয়ে দিলে শারীরিক সমস্যা দেখা দেয়। তাই তিনি সিদ্ধান্ত নিয়েছেন মেয়েকে ১৮ বছর না হওয়া পর্যন্ত বিয়ে দিবেন না।



জান্নাতুল ফেরদাউস এর সাক্ষাৎকার গ্রহণ করছেন তাসপিয়া

স্থান: পৌরসভা ৩ নং ওয়ার্ড, তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২৩

লাইভে দেয়া তথ্য শুনে মুখের তৈলাক্তভাব দূর করতে পেরেছেন পৌরসভা ৩ নং ওয়ার্ডের জান্নাতুল ফেরদাউস।

এছাড়া, ফোন-ইন লাইভে রেডিও মেঘনার শ্রোতা নাজমা বলেন, উৎকর্ষ অনুষ্ঠানের মাধ্যমে সঞ্চয় করা বিষয়ে জানতে পেরে নিজের ছেলেমেয়ের জন্য সঞ্চয় করা শুরু করেন। তিনি আরো বলেন, গ্যাসের সিলেন্ডার বিস্ফোরণ সম্পর্কে জানতে পেরেছেন এবং সচেতন হয়েছেন।



## “রেডিও মেঘনায়” আলোচনা ও কর্মশালা

চতুর্থ শিল্প বিপ্লবের এই যুগে কমিউনিটি রেডিও এখন নতুন নতুন চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। ইতোমধ্যে চতুর্থ শিল্প বিপ্লবের প্রভাবসমূহ আমাদের কমিউনিটি রেডিওর উপর পড়তে শুরু করেছে। দিনদিন রেডিওর শ্রোতা সংখ্যা কমে যাচ্ছে। শ্রোতারা ভিডিও কনটেন্ট দেখতে বেশী আগ্রহী হচ্ছে। ইতোমধ্যে অডিও কনটেন্টের শতকরা ৯০ ভাগ ভিডিও কনটেন্টে উন্নীত হয়ে গেছে। তাই বর্তমান ডিজিটাল রূপান্তরের ফলে সৃষ্ট পরিবর্তনের সময়ে কমিউনিটি রেডিওকে টিকিয়ে রাখতে ১০ সেপ্টেম্বর, ২০২৩ রেডিও মেঘনার সভাকক্ষে অনুষ্ঠিত হয়ে গেল কমিউনিটি রেডিও সম্প্রচার: প্রযুক্তির অন্তর্ভুক্তকরণ এবং ডিজিটাল রূপান্তরের পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলা বিষয়ক আলোচনা ও কর্মশালা। আলোচনা ও কর্মশালার লক্ষ্য অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি সম্প্রচারের জন্য রেডিওর সম্প্রচারকারীদের প্রযুক্তির ব্যবহার এবং ডিজিটাল রূপান্তরের ফলে উদ্ভূত পরিবর্তনের চ্যালেঞ্জসমূহ মোকাবিলা সম্পর্কে অবগত করা এবং একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা। কর্মশালাটি সভাপতিত্ব করেন রেডিও মেঘনার স্টেশন ম্যানেজার (প্রোগ্রাম) মৌসুমী রানী দাস এর সঞ্চালনায় উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন, সহকারী স্টেশন ম্যানেজার উম্মে নিশি। রেডিও মেঘনার সম্প্রচারকারীদের অংশগ্রহণে উক্ত কর্মশালায় কমিউনিটি রেডিওতে ইতোমধ্যে ডিজিটাল প্রযুক্তি বিষয়ক গৃহীত উদ্যোগসমূহ ও অগ্রগতি, কমিউনিটি রেডিও সম্প্রচারে প্রযুক্তি অন্তর্ভুক্তকরণ বিষয়ে পুনঃভাবনা, ডিজিটাল রূপান্তরে পরিবর্তনের চ্যালেঞ্জসমূহ মোকাবিলাকরণ, রেডিওর সামাজিক যোগাযোগ মাধ্যমসমূহ- ফেসবুক, ইউটিউব ও টিকটক ইত্যাদির মাধ্যমে মাসে ৩ হাজার ডলার আয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন, স্মার্ট বাংলাদেশ কর্মসূচিতে কমিউনিটি রেডিওকে সম্পৃক্তকরণ, অনলাইন এবং বেতার তরঙ্গে সম্প্রচারের জন্য আলাদা আলাদা প্রোগ্রাম তৈরি ও সম্প্রচারের কলাকৌশল নির্ধারণ করা। এই কর্মশালায় রেডিও মেঘনা আশা করে, কমিউনিটি রেডিওর মাধ্যমে ছড়িয়ে পড়বে দেশের প্রান্তিক মানুষের কণ্ঠস্বর। সকলেই সুযোগ পাবে তার কথা নিজের মতো করে বলার। সকল জনগোষ্ঠীর ভাবনা জানতে পারবে দেশের নীতি নির্ধারকগণ। স্থানীয় সরকারী এবং বেসরকারী কর্তৃপক্ষ সরাসরি জানবে মানুষের চাওয়া পাওয়া।

## ছবি কথা বলে



গর্ভবতী মায়ের স্বাস্থ্য সুরক্ষা নিয়ে সালমা বেগমের সাক্ষাৎকার গ্রহণ করছেন তাসপিয়া, স্থান: আব্দুল্লাহপুর, তারিখ: ০৮ সেপ্টেম্বর, ২০২৩



কিশোরীদের মাসিককালীন যত্ন নিয়ে কথা বলছেন, সুমা, রিপা আক্তার, খাদিজা ও মাহফুজা। স্থান: খেজুরগাছিয়া, তারিখ: ২২ সেপ্টেম্বর, ২০২৩



কৃষি কাজে যুবকদের উৎসাহ বিষয়ক জাহাঙ্গীর এর সাক্ষাৎকার গ্রহণ করছেন সুরভী, স্থান: জাহানপুর তারিখ: ০৫ সেপ্টেম্বর, ২০২৩

[www.radiosaikat.net](http://www.radiosaikat.net)  
[www.facebook.com/radiosaikat](https://www.facebook.com/radiosaikat)  
[www.coastbd.net](http://www.coastbd.net)  
 Assistant Station Manager  
 01708120390